

# যুগ্মত্ব

৬ দফা দাবিতে ভিসি অবরুদ্ধ

## অনিদিষ্টকালের জন্য পাবিপ্রবি বন্ধ ঘোষণা

প্রকাশ : ০৬ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



পাবনা প্রতিনিধি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পাবিপ্রবি) অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। সাধারণ ছাত্রদের ব্যানারে ৬ দফা দাবিতে শিক্ষার্থীদের ক্লাস বর্জন ও বিক্ষেপ প্রদর্শন এবং উপাচার্যকে দুই দফা অবরুদ্ধ করার জেরে এই সিদ্ধান্ত নেয় কর্তৃপক্ষ। সোমবার সন্ধ্যায় রিজেক্ট বোর্ডের সভার সিদ্ধান্তের পর বক্সের এই ঘোষণা দেয়া হয়। একই সঙ্গে আজ মঙ্গলবার সকাল ৯টায় ছাত্রদের এবং সকাল ১১টার মধ্যে ছাত্রীদের হলত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। তবে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হলেও আগামী ১৬ নভেম্বরের ভর্তি পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে বলে জানান উপাচার্য প্রফেসর ড. রোক্তম আলী।

সাধারণ ছাত্রদের ব্যানারে শিক্ষার্থীরা ৬ দফা দাবিতে সোমবার দুপুর ১টায় ক্যাম্পাসে বিক্ষেপ মিছিল করেন। তারা প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে উপাচার্যকে অবরুদ্ধ করে রাখেন। এ সময় ক্যাম্পাসে প্রবেশের মূল ফটক ও প্রশাসনিক ভবন বন্ধ করে দেয়া হয়। আন্দোলনকারীরা দুপুর আড়াইটায় ভিসিকে ফের তার বাসভবনে অবরুদ্ধ করেন। এ ঘটনায় পুরো ক্যাম্পাসে উত্তেজনা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে পাবনা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছলে পরিস্থিতি স্বাভাবিক হয়। শিক্ষার্থীরা জানান, দীর্ঘদিন ধরে আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ৬ দফা দাবি জানিয়ে আসছি। এ দাবি মেনে নেবেন বলে আশাসও দেয়া হয়। কিন্তু ৩-৪ মাস অতিবাহিত হলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেনি। পাবিপ্রবির প্রস্তর প্রীতম কুমার দাস বলেন, সাধারণ ছাত্রদের ব্যানারে যেসব দাবি করা হয়েছে সেগুলোর অনেকগুলোই ইতিমধ্যে পূরণ করা হয়েছে এবং অন্যগুলো বাস্তবায়ন চলমান রয়েছে। এদিকে পরিস্থিতি স্বাভাবিক রাখতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

**তারপ্রাণ সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।